# নম্রতাসহ পরিচর্য্যা দ্বারা যীশু নেতাদের প্রশিক্ষণ দিয়েছিলেন

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, যীশু যেমন ভাবে তাদের কাছে উদাহরণ স্থাপনের জন্য তাঁর শিষ্যদের পা ধুইয়ে দিয়েছিলেন তেমন ভাবে নম্রতার সাথে শিশুদেরকে অন্যান্যদের সেবা করতে সাহায্য কর।''

এগুলির মধ্যে সেই সমস্ত যে কোনও কার্যকলাপগুলি বেছে নিন যেগুলি শিশুদের বয়স এবং প্রয়োজনের সাথে মানান সই হবে।

অন্যদেরকে নম্রতার সাথে পরিচর্য্যা করার জন্য যীশু কিভাবে তাঁর শিষ্যদের প্রশিক্ষণ দিয়েছিলেন সেই গল্পটি যোহন ১৩ঃ১-১৭ অংশ থেকে মুখস্থ বলুন অথবা পাঠ করুন।

**ব্যাখ্যা করুন ঃ**

- যীশু নিজেকে উদাহরণ রূপে তুলে ধরার মাধ্যমে তাঁর শিষ্যদের প্রশিক্ষণ দিয়েছিলেন।
- অপরকে কিভাবে সেবা করতে হয় তা শিষ্যদের দেখাবার জন্য যীশু একজন নম্র পরিচারকরূপে তাদের পরিচর্য্যা করেছিলেন।

প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন (প্রশ্নের পর উত্তর দেওয়া হল)

- কতদিন ধরে যীশু শিষ্যদের প্রেম করেছিলেন ? (যোহন ১৩ঃ১)
- যীশু তাঁর শিষ্যদের কিভাবে পরিচর্য্যা করেছিলেন ? (৫ পদ)
- যীশু কি জানতেন যে খুব শীঘ্রই যিহুদা তাঁর সাথে বিশ্বাসঘাতকতা করবে ? (১১ পদ)
- একে অন্যকে নম্রতার সাথে পরিচর্য্যা করা শিক্ষা দিতে যীশু নেতাদেরকে কিভাবে প্রশিক্ষন দান করেছিলেন ? (১৫ পদ)
- যখন আমরা নম্রতার সাথে অন্যদের পরিচর্য্যা করি তখন ঈশ্বর আমাদের জন্য কি করবেন ? (১৭ পদ)



যীশুর দ্বারা শিষ্যদের পা ধুয়ে দেওয়ার গল্পটি নাটক আকারে প্রস্তুত কর। (যোহন ১৩ঃ১-১৭) আরাধনাকারী নেতারে সাথে শিশুদের দ্বারা নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন। শিশুদের সাথে আপনার শিক্ষা দেবার সময়কে নাটকটি প্রস্তুত করার জন্যে ব্যবহার করুন। সমস্ত অংশই আপনার ব্যবহার করার প্রয়োজন নেই। বড় শিশুরা ছোটদেরকে প্রস্তুতি নিতে সাহায্য করবে।

- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের যীশু, পিতর এবং বিবৃতিকারের ভূমিকায় পাঠ করতে দিন। যিনি যীশু হবেন তিনি একটি তোয়ালে এবং এক গামলা জল নিয়ে রাখবেন।
- শিশুদেরকে পিতর, যিহুদা এবং শিষ্যদের ভূমিকায় পাঠ করতে দিন।

**বিবৃতিকার ঃ** যোহন ১৩ঃ১-৭ অংশ থেকে যীশুর শিষ্যদের পা ধোওয়ানোর ঘটনাটির প্রথম ভাগটি বলবে।

এর পর বলবে, ''যীশু কি বলছেন শুনুন।''

**যীশু ঃ** দাঁড়িয়ে উঠে তোয়ালেটা কোমরে জড়িয়ে নেবে। এরপর হাঁটু পেতে পিতরের সামনে বসে, গামলা থেকে জল নিয়ে তার পা ধুয়ে দেবে। এরপর বলবে, ''তোমাদের প্রত্যেককে আমি প্রচুর পরিমানে প্রেম করেছি। খুব শীঘ্রই আমি এই জগত ছেড়ে আমার পিতার কাছে স্বর্গে ফিরে যাব।''

**শিষ্যগণ ঃ** এইরকম কিছু বলে চীৎকার করবে, ''না ...!'' ''আপনি কখনোই আমাদের ছেড়ে যেতে পারেন না!'' ''না না আপনি যাবে না!''

**যীশু বলবেন ঃ** ''তোমাদেরকে এখন আমি কিছু শিক্ষা দিতে চাই!'' (পিতরের পা ধোওয়ানো শুরু করবে)

**শিষ্যগণ ঃ** এরকম কিছু বলে চীৎকার করবে, ''একজন ভৃত্যের মত যীশু কেন আমাদের পা ধুইয়ে দেবেন ?'' ''উনি হলেন আমাদের প্রভু!'' ''উনি আমাদের ভৃত্য নন!'' ''ওনার কখনোই এটা করা উচিত নয়!''

**বিবৃতিকার ঃ** ''পিতর কি বলছেন শুনুন''

**পিতর ঃ** ''যীশু, আসুন! কেন আপনি আমার পা ধুয়ে দিচ্ছেন ? আপনি আমার প্রভু!''

**যীশু ঃ** ''যাদের আমি প্রেম করি, তাদেরকে আমি সর্বদা পরিচর্য্যা করি। তোমার শুচিকরনের জন্য আমার প্রয়োজন আছে।''

**বিবৃতিকার ঃ** যোহন ১৩ঃ৮-১৭ অংশ থেকে গল্পের দ্বিতীয় ভাগ বলবে। এরপর বলবে, ''পিতর কি বলছে তা শুনুন।''

**পিতর ঃ** ''তাহলে আমার হাত ও মাথাও ধুয়ে দিন!''

**যীশু ঃ** ''না তোমার যতটা প্রয়োজন তার সবটাই আমি করেছি। তথাপি, তোমাদের মধ্যে সবাই শুচি নও। তোমাদের মধ্যে একজনের হৃদয় এখনো পরিষ্কার নয়।''

**শিষ্যগণ ঃ** এইরকম কিছু বলে চীৎকার করবে, ''কার সম্পর্কে উনি ইঙ্গিত করছেন?'' ''কার হৃদয় এখনো অশুচিতায় ভরা?''

**বিবৃতিকার ঃ** ''যিহুদা তার হৃদয়ে কি ভাবছে তা শুনুন''

**যিহুদা ঃ** শ্রোতৃমন্ডলীর দিকে এগিয়ে যাবে এবং তাদের উদ্দেশ্যে বলবে, ''যীশু আমাদেরকে রোমীয়দের রাজনৈতিক নিয়ন্ত্রণ থেকে মুক্ত করবেন বলে আমি আশা করেছিলাম। কিন্তু এখন দেখছি তা সম্পূর্ণ ভুল ধারণা ছিল। আমি ওনাকে, তাঁর শত্রুদের হাতে বিক্রি করে দেবো।'' (প্রস্থান)

**যীশু ঃ** ''আমি তোমাদের শিক্ষক ও প্রভু, তথাপি একজন পরিচারকের ন্যায় আমি তোমাদের পা ধুইয়ে দিয়েছি। তোমাদেরও অবশ্যই একে অন্যের প্রতি তা করা উচিত। তোমাদের অবশ্যই একে অন্যের প্রতি নম্রতার সাথে সেবা করা উচিত। আর তবেই আমি তোমাদের আশীর্বাদ করব।''


**পিতর ঃ** ''আপনার উৎকৃষ্ট উদাহরণ দ্বারা আপনি আমাদের সুন্দর শিক্ষা দিয়েছেন। আমরা এটা কখনোই ভুলবোনা।''

**বিবৃতিকাব ঃ** নাটকটি যারা সাহায্য করেছে, তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবে।

**প্রশ্নসমূহ ঃ** শিশুরা যদি প্রাপ্তবয়স্কদের জন্য নাটকটি উপস্থাপন করে থাকে তবে তাদেরকে উপরে দত্ত প্রশ্নগুলিকেও প্রাপ্তবয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।

**মুখস্থ পদ ঃ** তদ্রুপ হে যুবকেরা, তোমরা প্রাচীনদের বশীভূত হও; আর তোমরা সকলেই একজন অন্যের সেবার্থে নম্রতার কটি বন্ধন কর, কেননা ''ঈশ্বর অহঙ্কারীদের প্রতিরোধ করেন, কিন্তু নম্রদিগকে অনুগ্রহ প্রদান করেন,'' ১ পিতর ৫ঃ৫

**জিজ্ঞাসা করুন ঃ** অন্যান্য কি কি উপায়ে আমরা নম্রতার সাথে লোকদেরকে পরিচর্য্যা করতে পারি? (শিশুদের উদাহরণ দিতে দিন)



**ব্যাখ্যা** করুন যীশু একজন পাপিষ্ঠা নারীকে তার চোখের জল দ্বারা তাঁর পা ধুইয়ে দিতে এবং নিজ চুল দিয়ে তা মুছে দিতে দিয়েছিলেন। যে ধর্মপ্রান ব্যক্তির গৃহে এটি ঘটেছিল, সেই ব্যক্তি মহিলাটিকে এই কাজ করতে দেবার জন্য যীশুকে ভৎর্সনা করেছিল। যীশু উত্তরে বলেছিলেন যে, যার অধিক পাপ ক্ষমা করা হয়েছে, সে ততোধিক প্রেম করে, এবং তিনি তার পাপ সকল ক্ষমা করে দিয়েছিলেন। (লূক ৭ঃ৩৭-৪৮)

পায়ের একটি ছবি অঙ্কন করুন। শিশুদেরকে সেগুলি আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের দেখিয়ে ব্যাখ্যা করতে দিন যে, যেমন যীশু তাঁর শিষ্যদের পা ধুইয়ে দিয়েছিলেন এবং আমাদের সেবা করেছেন, ঠিক সেভাবে আমরাও কিভাবে নম্রতার সাথে একে অন্যকে সেবা করতে পারি তা এই ছবিটা তুলে ধরে।



চারজন শিশুর প্রত্যেককে ফিলিপীয় ২ঃ৩-৮ অংশের পদগুলিকে এক একটি করে আবৃত্তি করতে দিন।

''প্রতিযোগিতার কিম্বা অনর্থক দর্পের বশে কিছুই করিওনা বরং নম্রভাবে প্রত্যেকজন আপনা হইতে অন্যকে শ্রেষ্ঠ জ্ঞান কর।''

এবং প্রত্যেক জন আপনার বিষয়ে নয়, কিন্তু পরের বিষ,য়েও লক্ষ্য রাখ।

''খ্রীষ্ট যীশুতে যে ভাব ছিল, তাহা তোমাদিগেতেও হউক। ঈশ্বরের স্বরূপ বিশিষ্ট থাকাতে তিনি ঈশ্বরের সহিত সমান থাকা ধরিয়া লইবার বিষয় জ্ঞান করিলেন না; কিন্তু আপনাকে শূণ্য করিলেন, দাসের রূপ ধারন করিলেন, মনুষ্যদের সাদৃশ্যে জন্মিলেন; এবং আকার প্রকারে মনুষ্যবৎ প্রত্যক্ষ হইয়া আপনাকে অবনত করিলেন, মৃত্যু পর্যন্ত এমনকি ক্রুশীয় মৃত্যু পর্যন্ত আজ্ঞাবহ হইলেন।''

**প্রার্থনা ঃ** ''হে যীশু, তুমি আমাদের শিক্ষক এবং প্রভু। আমরা তোমার প্রশংসা করি কারণ তুমি নম্রতার সাথে অন্যদেরকে সেবা করেছিলে। আমাদেরকে তোমার উদাহরণ অনুসরণ করতে সাহায্য কর। অন্যকে সেবা করতেও আমাদেরকে সাহায্য কর।''

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net